শর্তাবলীঃ

১. আগ্রহী প্রার্থীদের অবশ্যই বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিস অথবা ওয়েবসাইট (www.hstu.ac.bd) হতে নির্ধারিত ফরম সংগ্রহপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র, জাতীয় পরিচয়পত্র বা জন্মনিবন্ধনপত্র, পাসপোর্ট সাইজের ৪(চার) কপি ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, নম্বরপত্র ও অভিজ্ঞতার সনদ পত্রাদির সত্যায়িত কপিসহ মোট ৮ (আট) সেট (মূল কপি ১ সেট এবং মূল কপির ফটোকপি ৭ সেট) আবেদনপত্র জমা দিতে হবে।

২. **১৯/০২/২০২৬খ্রি.** তারিখে প্রার্থীর বয়স আবেদনপত্রে উল্লেখ করতে হবে।

৩. আবেদনপত্র প্রেরণ করার সময় খামের উপর পদের নাম ও সংরক্ষিত কোটা (যদি থাকে) উল্লেখ করতে হবে।

৪. প্রত্যেকটি আবেদপত্রের সাথে **'রেজিস্ট্রার, হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দিনাজপুর'** এর বরাবরে ১০০০/-টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট (রূপালী ব্যাংক লিঃ এর যে কোন শাখা থেকে) সংযোজন করতে হবে।

৫. **আবেদনপত্র আগামী ১৯/০২/২০২৬খ্রি. তারিখের মধ্যে (অফিস চলাকালীন সময়ে) অবশ্যই ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে/ ব্যক্তিগতভাবে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পৌছাতে/জমা দিতে হবে।**

৬. চাকুরীরত প্রার্থীদের আবেদনপত্র অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে।

৭. মুক্তিযোদ্ধাসহ সরকারী বিধি মোতাবেক অন্যান্য সকল কোটা সংরক্ষিত করা হবে। এই ক্ষেত্রে আবেদনে উল্লেখসহ প্রয়োজনীয় প্রমাণপত্র সংযুক্ত করতে হবে।

৮. কোন পাবলিক পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি (জিপিএ/সিজিপিএ ২.৫০ এর নীচে) গ্রহণযোগ্য হবে না।

৯. নিয়োগের ক্ষেত্রে এ বিশ্ববিদ্যালয়ে সংশ্লিষ্ট বিভাগ/শাখায় কর্মরতরা অগ্রাধিকার পাবেন এবং এ ক্ষেত্রে সংশ্লিষ্ট পদের জন্য নির্ধারিত যোগ্যতা, অভিজ্ঞতা ও বয়স শিথিলযোগ্য হবে।

১০. নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১. নিয়োগ সংক্রান্ত বিষয়ে বিজ্ঞাপিত পদসংখ্যা হ্রাস-বৃদ্ধি করার পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১২. কোন অসত্য তথ্যসম্বলিত/ক্রটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

Mabuhm
03.02.26

**(প্রফেসর ড. মো. আবু হাসান)**
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)

হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (হাবিপ্রবি), দিনাজপুর
Phone: ফোনঃ ৮৮০-৫৩১-৫১১৩৫, Fax: ৮৮০-৫৩১-৬১৩১১, web: www.hstu.ac.bd

স্মারক নংঃ হাবিপ্রবি/সংস্থাঃ/নি-১/২০০৪/২৯৫৫ তারিখ ঃ ০৩-০২-২০২৬ খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত রাজস্ব (স্থায়ী) পদসমূহ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত ও স্থায়ী নাগরিকদের নিকট থেকে নিম্নোক্ত শর্তাধীনে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম গ্রেড ও বেতনস্কেল | পদসংখ্যা | শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও বয়স |
|---|---|---|---|
| ১। | **বিশ্ববিদ্যালয় প্রকৌশলী ঃ** (৩য় গ্রেড, টাকা ৫৬৫০০-৭৪৪০০) | ০১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে প্রকৌশলে স্নাতক ডিগ্রিধারী হতে হবে এবং সিভিল নির্মাণ ও সংরক্ষণ সংক্রান্ত কাজের তদারকি ও ব্যবস্থাপনা, উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন, প্রকল্প ব্যবস্থাপনা সংক্রান্ত কাজে অন্যূন ১৫ (পনেরো) বৎসরের অভিজ্ঞতা তন্মধ্যে তত্ত্বাবধায়ক প্রকৌশলীর সমমর্যাদা সম্পন্ন পদে অন্যূন ৪ (চার) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। স্নাতকোত্তর ডিগ্রি অথবা প্রকৌশল ডিজাইন, প্রকল্প পরিকল্পনা ও ব্যবস্থাপনা অথবা কর্ম তদারকি বিষয়ে প্রশিক্ষণ প্রাপ্ত প্রার্থীদিগকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>বয়স অনন্য ৪৫ বৎসর। |
| ২। | **নির্বাহী প্রকৌশলী ঃ** (৬ষ্ঠ গ্রেড, টাকা ৩৫৫০০-৬৭০১০) | ০২ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে প্রকৌশলে স্নাতক (৪ বছর মেয়াদি) ডিগ্রি থাকতে হবে। সিভিল নির্মাণ, ডিজাইন, ষ্ট্রাকচারসহ বৈদ্যুতিক ইত্যাদি কাজে সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে স্থায়িত্বপূর্ণ পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসর চাকুরির অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।<br>অথবা<br>সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সহকারী প্রকৌশলী হিসেবে ৪ (চার) বৎসর চাকুরির অভিজ্ঞতাসহ সিভিল/ নির্মাণ, ডিজাইন, সেনিটেশন, পানি সরবরাহ, বিদ্যুৎ, যন্ত্র প্রকৌশল ইত্যাদি কাজে সর্বমোট ১২ (বার) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন প্রকৌশলে ডিপ্লোমাধারী হতে হবে।<br>বয়স অন্যূন ৩৫ বৎসর। |
| ৩। | **সহকারী প্রকৌশলী (সিভিল) ঃ** (৯ম গ্রেড, টাকা ২২০০০-৫৩০৬০) | ০১ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে প্রকৌশলে স্নাতক (৪ বছর মেয়াদি) ডিগ্রিধারী হতে হবে।<br>ক) সিভিল নির্মাণ, ডিজাইন, খ) সেনিটারী কাজ, পানি সরবরাহ ইত্যাদি, গ) বৈদ্যুতিক সংরক্ষণ ও ব্যবস্থাপনা ইত্যাদি বিষয়ে অভিজ্ঞতা অথবা প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>অথবা<br>সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত পলিটেকনিক ইনস্টিটিউট হতে সংশ্লিষ্ট প্রকৌশলে (সিভিল) ডিপ্লোমাধারী হতে হবে।<br>বয়স সর্বোচ্চ ৩২ বৎসর। |
| ৪। | **চীফ মেডিকেল অফিসার ঃ** (৩য় গ্রেড, টাকা ৫৬৫০০-৭৪৪০০) | ০১ | বিশ্ববিদ্যালয়ে ডেপুটি চীফ মেডিকেল অফিসার/ সমমানের পদে ৪ (চার) বৎসর চাকুরির অভিজ্ঞতাসহ বিশ্ববিদ্যালয় অথবা সরকারি/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চিকিৎসক হিসেবে সর্বমোট ১৫ (পনেরো) বৎসর চাকুরির অভিজ্ঞতা সম্পন্ন এম.বি.বি.এস.ডিগ্রিধারী হতে হবে। অভিজ্ঞতা সম্পন্ন এফ.সি.পি.এস./সমমানের ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>বয়স অন্যূন ৪৫ বৎসর। |
| ৫। | **মেডিকেল অফিসার ঃ** (৮ম গ্রেড, টাকা ২৩০০০-৫৫৪৭০) | ০১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে এম.বি.বি.এস. ডিগ্রিধারী হতে হবে।<br>বয়স সর্বোচ্চ ৩২ বৎসর। |
| ৬। | **মেডিকেল অফিসার (ডেন্টাল) ঃ** (৮ম গ্রেড, টাকা ২৩০০০-৫৫৪৭০) | ০১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ব্যাচেলর অভ্ ডেন্টাল সার্জারী (বি.ডি.এস.) ডিগ্রিধারী হতে হবে।<br>বয়স সর্বোচ্চ ৩২ বৎসর। |